

**সংযোজনী-১**  
**ছাত্র/ছাত্রী-র দ্বারা প্রদেয় হলফনামা**

১। আমি, \_\_\_\_\_ (ছাত্র/ছাত্রী-র নাম/অ্যাপ্লিকেশন নং/রেজিস্ট্রেশন নং/এনরোলমেন্ট নং) , বাবা/মা-এর নাম \_\_\_\_\_, কবি জগদ্রাম রায় গভর্নমেন্ট জেনারেল ডিগ্রি কলেজ-এ ভর্তি হয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন নির্দিষ্ট উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে র্যাগিং-প্রতিরোধী নিয়মাবলি ২০০৯-এর (এরপর থেকে এটি কেবল 'নিয়মাবলি' রূপে উল্লিখিত) একটি প্রতিলিপি হাতে পেলাম ও সেটি যত্নসহকারে পড়লাম এবং উক্ত নিয়মাবলিতে উল্লিখিত শর্তগুলি যথাযথরূপে অনুধাবন করলাম।

২। আমি নিয়মাবলির ৩ নং ধারাটি মনোযোগ সহকারে পাঠ করলাম এবং র্যাগিং বলতে কি বোঝায় সে সম্পর্কে অবহিত হলাম।

৩। আমি নিয়মাবলির ৭ নং এবং ৯.১ নং ধারাগুলিও মনোযোগ সহকারে পাঠ করলাম এবং আমি যদি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে র্যাগিং-এর অপরাধে বা র্যাগিং-এর প্ররোচনায় অথবা র্যাগিং-এর প্রণোদনায় অভিযুক্ত হই বা যুক্ত থাকি, তাহলে আমার বিরুদ্ধে যে শাস্তিমূলক বা আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে সে সম্পর্কে সম্পূর্ণ রূপে অবগত হলাম।

৪। এতদ্বারা আমি দৃঢ় অঙ্গীকার সহ মুচলেকা দিচ্ছি যে -

ক। নিয়মাবলির ৩ নং ধারায় যাকে র্যাগিং বলে উল্লেখ করা হয়েছে, সেই ধরনের কোনো আচরণ বা কর্মের সঙ্গে আমি যুক্ত থাকব না।

খ। আমি এমন কোনো কার্যের সঙ্গে যুক্ত থাকব না, যা নিয়মাবলির ৩ নং ধারা অনুযায়ী র্যাগিং-কে প্ররোচনা বা সমর্থন দান করে।

৫। এতদ্বারা আমি দৃঢ়তার সঙ্গে অঙ্গীকার করছি যে, আমি যদি র্যাগিং এর অপরাধে অভিযুক্ত হই তাহলে নিয়মাবলির ৯.১ নং ধারা অনুযায়ী প্রদত্ত শাস্তির জন্য আমি প্রস্তুত থাকব এবং আমার বিরুদ্ধে অন্য যে কোন ধরনের আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে, তার দায় গ্রহণ করতে আমি বাধ্য থাকব।

৬। এতদ্বারা আমি জানাচ্ছি যে, র্যাগিং-এর অপরাধে বা র্যাগিং-এর প্ররোচনায় অথবা র্যাগিং-এর প্রণোদনায় যুক্ত থাকার অভিযোগে আমি দেশের কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে কখনো বিতাড়িত বা বহিস্কৃত হইনি এবং এ

বিষয়টিও সুনিশ্চিত করছি যে, আমার উপর্যুক্ত কথাগুলি যদি মিথ্যে প্রমাণিত হয়, তাহলে আমার ভর্তি প্রক্রিয়াটি বাতিল বলে গণ্য করা হবে।

..... বর্ষের ..... মাসের ..... দিনে অঙ্গীকার করলাম।

.....  
প্রতিজ্ঞাকারীর স্বাক্ষর

নাম :

প্রতিপাদন

আমার জ্ঞাতসারে এই হলফনামার বিষয়বস্তু সত্য বলে প্রতিপাদিত হল, এর কোনো অংশই অসত্য নয় এবং এটিতে কোনো অসত্য বিবৃতি দেওয়া হয়নি বা গোপনীয়তার আশ্রয় নেওয়া হয়নি।

..... স্থানে ..... বর্ষের ..... মাসে ..... দিনে প্রতিপাদিত হল।

.....  
প্রতিজ্ঞাকারীর স্বাক্ষর

এই হলফনামার বিষয়বস্তুটি পাঠ করবার পর ..... বর্ষের ..... মাসের ..... দিনে আমার উপস্থিতিতে অঙ্গীকার সহ স্বাক্ষর প্রদান করা হল।

শপথ গ্রহণে ভারপ্রাপ্ত আধিকারিক